গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
পটুয়াখালী ইপিজেড স্থাপন প্রকল্প
বেপজা কমপ্লেক্স, বাড়ি নং-১৯/ডি, রোড নং- ০৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.bepza.gov.bd

নং- ০৩.০৬.৭৮৯৫.৩৩২.১১.০০৩.২৩. ০৫

তারিখ: ০৬ পৌষ ১৪৩০
২১ ডিসেম্বর ২০২৩

## "আউট সোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় জনবল নিয়োগ বিজ্ঞপ্তি"

পটুয়াখালী ইপিজেড স্থাপন প্রকল্পে আউট সোর্সিং এর মাধ্যমে সরাসরি নিয়োগযোগ্য নিম্নলিখিত পদসমূহে সর্বসাকুল্য বেতনে আউট সোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ মোতাবেক শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রম | পদের নাম | পদের সংখ্যা | সেবার ক্যাটাগরী | সর্বসাকুল্যে মাসিক বেতন | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | সহকারী প্রকৌশলী (পুর), গ্রেড-০৯ | ২ | বিশেষ সেবা -১ | ৩৬,৩৩৩.০০ | বিএসসি ইঞ্জিনিয়ারিং (পুর) ডিগ্রী। |
| ২ | সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), গ্রেড-০৯ | ১ | বিশেষ সেবা -১ | ৩৬,৩৩৩.০০ | বিএসসি ইঞ্জিনিয়ারিং (বিদ্যুৎ) ডিগ্রী। |
| ৩ | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) গ্রেড-০৯ | ১ | বিশেষ সেবা -১ | ৩৬,৩৩৩.০০ | বিএসসি ইঞ্জিনিয়ারিং (যান্ত্রিক) ডিগ্রী। |
| ৪ | উপ-সহকারী প্রকৌশলী (পুর) গ্রেড-১০ | ৩ | বিশেষ সেবা -২ | ২৪,৮৭৫.০০ | পুরকৌশলে ০৪ বছরের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। |
| ৫ | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) গ্রেড-১০ | ১ | বিশেষ সেবা -২ | ২৪,৮৭৫.০০ | তড়িৎ কৌশলে ০৪ বছরের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। |
| ৬ | ড্রাফটসম্যান, গ্রেড-১৪ | ১ | ক্যাটাগরী -১ | ১৭,৬৩০.০০ | ডিপ্লোমা-ইন-আর্কিটেকচার সহ ০১ বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৭ | সার্ভেয়ার, গ্রেড-১৪ | ১ | ক্যাটাগরী -১ | ১৭,৬৩০.০০ | ডিপ্লোমা-ইন-সার্ভেয়িং সহ ০১ বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ৮ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, গ্রেড-১৪ | ২ | ক্যাটাগরী -১ | ১৭,৬৩০.০০ | এইচএসসি পাশ এবং বাংলা ও ইংরেজী কম্পিউটার টাইপে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ এবং ৩০ শব্দের গতি। |
| ৯ | ইলেকট্রিশিয়ান, গ্রেড-১৬ | ১ | ক্যাটাগরী -২ | ১৭,১৩০.০০ | এসএসসি পাশ সহ লাইসেন্সিং বোর্ড হতে 'সি' লাইসেন্স প্রাপ্ত। |
| ১০ | পাম্প অপারেটর, গ্রেড-১৬ | ১ | ক্যাটাগরী -২ | ১৭,১৩০.০০ | এসএসসি পাশ সহ লাইসেন্সিং বোর্ড হতে 'সি' লাইসেন্স প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা। |
| ১১ | পরিচ্ছন্নতা কর্মী, গ্রেড-২০ | ১ | ক্যাটাগরী -৫ | ১৬,১৩০.০০ | ৮ম শ্রেণী পাশ। |
| ১২ | অফিস সহায়ক, গ্রেড-২০ | ২ | ক্যাটাগরী -৫ | ১৬,১৩০.০০ | ৮ম শ্রেণী পাশ। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণীয়ঃ**

১. ০১ ডিসেম্বর, ২০২৩ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৬০ বছরের মধ্যে থাকতে হবে এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
২. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তি সাপেক্ষে আবেদন করতে হবে।
৩. শিক্ষাগত যোগ্যতাসহ অন্য যে কোনো বিষয়ে প্রার্থী কোনো ভুল তথ্য প্রদান করলে বা কোনো তথ্য গোপন করলে উক্ত প্রার্থীর আবেদনপত্র বাতিল করা হবে।
৪. সকল পদের জন্য নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
৫. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৬. এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী, প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য প্রযোজ্য এবং স্থায়ী রাজস্ব পদে নিয়োগের কোন প্রতিশ্রুতি দেয়া হবে না।
৭. এ নিয়োগ সর্বসাকুল্যে বেতনে চুক্তিভিত্তিক (শুধুমাত্র প্রকল্প চলাকালীন সময়ের জন্য)। প্রকল্পের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নির্বাচিত প্রার্থীর নিয়োগপত্র-ই অব্যাহতি পত্র হিসেবে গণ্য হবে।

Kawser

CamScanner

8. কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে কারণ দর্শানো ছাড়া নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

9. প্রার্থীর যোগ্যতা যাচাই;

(i) মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র/জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

(ii) মৌখিক পরীক্ষার সময় পূরণকৃত Application Form ও Admit Card এর প্রিন্ট কপির সাথে সকল সনদপত্রের সত্যায়িত কপি এবং সদ্য তোলা 02 (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করতে হবে।

(iii) সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

(iv) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(v) চারিত্রিক সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

(vi) বিভাগীয়, সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তি পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(vii) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে উল্লিখিত ন্যূনতম যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দিলে সংশ্লিষ্ট ব্যাক্তির প্রার্থীতা বাতিল করা হবে।

(viii) এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন কোনো বিষয়ে সরকারি প্রচলিত আইন, সার্কুলার, বিধি-বিধান অনুসরণ করা হবে।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bepza.teletalk.com.bd/ এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: 26/12/2023 সকাল ১০:০০ টা।

ii. Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: 18/01/2024 বিকাল ৪:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর ছবি (দৈর্ঘ্য এবং প্রস্থ ৩০০X৩০০ Pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য এবং প্রস্থ ৩০০X৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রে একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন **পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন** গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে ১-৩ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৬০০/- (ছয়শত) টাকা ও Teletalk- এর সার্ভিস চার্জ ৬৯/- টাকাসহ মোট ৬৬৯/- (ছয়শত উনসত্তর) টাকা, ৪-৫ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা ও Teletalk- এর সার্ভিস চার্জ ৫৮/- টাকাসহ মোট ৫৫৮/- (পাঁচশত আটান্ন) টাকা, ৬-১০ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (ছয়শত) টাকা ও Teletalk- এর সার্ভিস চার্জ ২৩/- টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা এবং ১১-১২ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk- এর সার্ভিস চার্জ ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **বিশেষভাবে উল্লেখ্য,** "Online-এ আদবদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: BEPZA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: BEPZA ABCDEF

*Reply: Applicant's name, Tk. ..... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee type BEPZA<space>Yes<space>PIN and send to 16222.*

দ্বিতীয় SMS: *BEPZA<space>Yes<space>PIN* লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BEPZA YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BEPZA Application for post. User ID is (ABCDEF) and Password (*********).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bepza.teletalk.com.bd/ ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি নির্বাচনী পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বেপজার ওয়েবসাইটে (www.bepza.gov.bd/career) **এবং** http://bepza.teletalk.com.bd **অথবা** QR Code **স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল** https://alljobs.teletalk.com.bd/bepza **ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য** (www.bepza.gov.bd) **ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং** sms **এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।**

(ঝ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর হতে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজ এর subject-এ Organization Name: BEPZA, Post Name: ***, Applicant's User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

**ডিক্লারেশন:** প্রার্থীকে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

মুহাম্মদ শফিকুল ইসলাম
প্রকল্প পরিচালক
পটুয়াখালী ইপিজেড প্রকল্প
বেপজা কমপ্লেক্স, বেপজা, ঢাকা-১২০৫
ই-মেইল: shafiqce74@gmail.com

CamScanner